রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ১২, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

বিজ্ঞপ্তি

তারিখ, ২৯শে পৌষ, ১৪০০/১২ই জানুয়ারী, ১৯৯৪

এস, আর, ও, নং ১৪-আইন/৯৪-শ্রওজ-১০/মজুরী-১১/৯০—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section 6(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, "গার্মেন্টস" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance এর section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে।

তফসিল

"ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরীর টাকা | বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০% টাকা | চিকিৎসা ভাতা মাসিক টাকা | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| গ্রেড-১ঃ | ৩৫০০ | ১০৫০ | ১৫০ | ৪৭০০ |
| ১। প্যাটার্ন মাষ্টার | | | | |
| ২। চীফ কোয়ালিটি কন্ট্রোলার | | | | |



মূল্যঃ টাকা ৩.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। চীফ কাটিং মাষ্টার/কাটিং চীফ | | | | |
| ৪। চীফ মেকানিক | | | | |
| গ্রেড-২ ঃ | ২৫০০ | ৭৫০ | ১৫০ | ৩৪০০ |
| ১। সিনিয়র মেকানিক | | | | |
| ২। কাটিং মাষ্টার | | | | |
| গ্রেড-৩ : | ১৫০০ | ৪৫০ | ১৫০ | ২১০০ |
| ১। ফ্যাশন মেশিনিষ্ট | | | | |
| ২। মেকানিক | | | | |
| ৩। সিনিয়র সেলাই মেশিন অপারেটর | | | | |
| ৪। সিনিয়র উইনডিং মেশিন অপারেটর | | | | |
| ৫। সিনিয়র নিটিং মেশিন অপারেটর | | | | |
| ৬। সিনিয়র লিংকিং মেশিন অপারেটর | | | | |
| ৭। সিনিয়র কাটার | | | | |
| ৮। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর | | | | |
| ৯। সিনিয়র মার্কার/সিনিয়র ড্রইংম্যান/সিনিয়র ড্রইং উম্যান | | | | |
| ১০। সিনিয়র লাইন লিডার | | | | |
| ১১। সিনিয়র ইলেকট্রিশিয়ান | | | | |
| গ্রেড-৪ : | ১২০০ | ৩৬০ | ১৫০ | ১৭১০ |
| ১। সেলাই মেশিন অপারেটর | | | | |
| ২। উইনডিং মেশিন অপারেটর | | | | |
| ৩। নিটিং মেশিন অপারেটর | | | | |
| ৪। লিংকিং মেশিন অপারেটর | | | | |
| ৫। মার্কার/ড্রইংম্যান/ড্রইং উম্যান | | | | |
| ৬। কাটার | | | | |
| ৭। ফ্রেডিং অপারেটর | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮। সিনিয়র প্রেসিংম্যান/সিনিয়র প্রেসিং উম্যান/সিনিয়র ফিনিসিং আয়রনম্যান/ সিনিয়র ফিনিসিং আয়রন উম্যান | | | | |
| ৯। সিনিয়র ফোল্ডার (ফিনিসিং সেকশন) | | | | |
| ১০। সিনিয়র প্যাকার | | | | |
| গ্রেড-৫ : | ১০০০ | ৩০০ | ১৫০ | ১৪৫০ |
| ১। জুনিয়র সেলাই মেশিন অপারেটর | | | | |
| ২। জুনিয়র উইনডিং মেশিন অপারেটর | | | | |
| ৩। জুনিয়র নিটিং মেশিন অপারেটর | | | | |
| ৪। জুনিয়র লিংকিং মেশিন অপারেটর | | | | |
| ৫। জুনিয়র মার্কার/জুনিয়র ড্রইংম্যান/জুনিয়র ড্রইং উম্যান | | | | |
| ৬। জুনিয়র কাটার | | | | |
| ৭। জুনিয়র মেন্ডিং অপারেটর | | | | |
| ৮। সিনিয়র প্রেসিংম্যান/সিনিয়র প্রেসিং উম্যান/সিনিয়র ফিনিসিং আয়রনম্যান/সিনিয়র ফিনিসিং আয়রন উম্যান | | | | |
| ৯। ফোল্ডার (ফিনিসিং সেকশন) | | | | |
| ১০। জুনিয়র ইলেকট্রিশিয়ান | | | | |
| ১১। জুনিয়র প্যাকার | | | | |
| গ্রেড-৬ : | ৯০০ | ২৭০ | ১৫০ | ১৩২০ |
| ১। সাধারণ সেলাই মেশিন অপারেটর | | | | |
| ২। সাধারণ উইনডিং মেশিন অপারেটর | | | | |
| ৩। সাধারণ নিটিং মেশিন অপারেটর | | | | |
| ৪। সাধারণ লিংকিং মেশিন অপারেটর | | | | |
| ৫। সাধারণ মেন্ডিং অপারেটর | | | | |
| ৬। কিউজিং মেশিন অপারেটর | | | | |
| ৭। কলার টার্নিং মেশিন অপারেটর | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| গ্রেড-৭ : | ৬০০ | ১৮০ | ১৫০ | ৯৩০ |
| ১। সহকারী সেলাই মেশিন অপারেটর | | | | |
| ২। সহকারী উইনডিং মেশিন অপারেটর | | | | |
| ৩। সহকারী নিটিং মেশিন অপারেটর | | | | |
| ৪। সহকারী লিংকিং মেশিন অপারেটর | | | | |
| ৫। সহকারী মেন্ডিং অপারেটর | | | | |
| ৬। সহকারী কাটার | | | | |
| ৭। সহকারী মার্কার/সহকারী ড্রইংম্যান/সহকারী ড্রইং উম্যান | | | | |
| ৮। পকেট ফিউজিং মেশিন অপারেটর/ফিউজিংম্যান | | | | |
| ৯। লাইন আয়রনম্যান/লাইন আয়রন উম্যান | | | | |
| ১০। সহকারী প্যাকার | | | | |
| ১১। সহকারী ড্রাই ওয়াশিংম্যান/সহকারী ড্রাই ওয়াশিং উম্যান | | | | |

ট্রেইনী/শিক্ষানবীশ : ট্রেইনী/শিক্ষানবীশগণ মাসে ৫০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাঁহাদের প্রশিক্ষণ মেয়াদ সর্বোচ্চ ৩ (তিন) মাস হইবে। প্রশিক্ষণ শেষে তাঁহারা সংশ্লিষ্ট বিভাগের ৭নং গ্রেডে শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী টাকা | বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০% | চিকিৎসা ভাতা মাসিক টাকা | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| গ্রেড-১ : | ২২০০ | ৬৬০ | ১৫০ | ৩০১০ |
| ১। ষ্টোর কিপার | | | | |
| গ্রেড-২ : | ১৬০০ | ৪৮০ | ১৫০ | ২২৩০ |
| ১। হিসাব সহকারী | | | | |
| ২। ষ্টোর সহকারী | | | | |
| ৩। ক্যাশিয়ার | | | | |
| ৪। ইমপোর্ট সহকারী/এক্সপোর্ট সহকারী | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| গ্রেড-৩ : | ১৪০০ | ৪২০ | ১৫০ | ১৯৭০ |
| ১। টাইপিষ্ট | | | | |
| ২। ক্লার্ক/অফিস সহকারী | | | | |
| ৩। টেলিফোন অপারেটর | | | | |
| ৪। টাইম কিপার | | | | |
| ৫। রেশান টেকার | | | | |
| ৬। সিনিয়র সিকিউরিটি গার্ড | | | | |
| ৭। ড্রাইভার | | | | |
| গ্রেড-৪ : | ৯০০ | ২৭০ | ১৫০ | ১৩২০ |
| ১। পিয়ন | | | | |
| ২। দারোয়ান/চেকার | | | | |
| ৩। সুইপার | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোল্লা গোলাম সারওয়ার
উপ-সচিব (শ্রম)।

বিঃ দ্রঃ এতদসংগে মজুরী বোর্ডের সুপারিশ ১৯৯৩ এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান

সুপারিশ, ১৯৯৩।

১৯৬১ সনের নিম্নতম মজুরী (অধ্যাদেশ নং ৩৯) এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২৪শে সেপ্টেম্বর, ১৯৯০ তারিখে জারীকৃত শা-১০/মজুরী-১০/৯০/৯০ নং প্রজ্ঞাপন দ্বারা গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য ১১ই নভেম্বর ১৯৯০ তারিখে জারীকৃত শ্র ও ক-১০/মজুরী-১০/৯০/১৮৫, ২৪শে নভেম্বর, ১৯৯০ইং তারিখে জারীকৃত শ্র ও ক-১০/মজুরী-১০/৯০/১১৪, ২০শে এপ্রিল, ১৯৯১ ইং তারিখে জারীকৃত এস, আর ও ১১৯-আইন/৯১ শ্র ও ক-১০/মজুরী-১০/৯০, ৮ই আগষ্ট, ১৯৯২ইং

তারিখে জারীকৃত এস আর ও নং ১৯৬-আইন/৯২ শ্র ও জ-১০/মজুরী-১০,৯০ এবং ১১ইং সেপ্টেম্বর, ১৯৯৩ইং তারিখের এস, আর ও নং ১৮২-আইন-৯৩ শ্র ও জ-১০/মজুরী-১১/৯০ নং প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

অতপরঃ বোর্ড বেশ কয়েকটি বৈঠকে মিলিত হন এবং দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বহু গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানে প্রশ্নপত্র প্রেরণের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করেন এবং বেশ কিছু গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকসহ সাধারণের জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক দাখিলকৃত আপত্তি ও প্রস্তাব বিবেচনা করিয়া খসড়া সুপারিশে উল্লেখিত নিম্নতম মজুরী ও পদবিন্যাসের আংশিক সংশোধন করিয়া ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন :—

১। গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি, বিবেচনাক্রমে (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩, (৪) গ্রেড-৪, (৫) গ্রেড-৫, (৬) গ্রেড-৬ ও (৭) গ্রেড-৭ এই ৭(সাত) শ্রেণীতে এবং কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩ ও (৪) গ্রেড-৪ এই ৪ (চার) শ্রেণীতে পদবিন্যাস করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ 'ক' এ বলা হইয়াছে। উক্ত 'ক' পরিচ্ছেদে ট্রেইনী/শিক্ষানবিশদের জন্য প্রশিক্ষণ ভাতা উল্লেখ করা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিক ও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৪। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। যদি কোন গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরনভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাঁহাকে এই সুপারিশ মোতাবেক তাঁহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাঁহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

এ, এস, এম, হেদায়েত হোসেন
চেয়ারম্যান
নিম্নতম মজুরী বোর্ড।

অধ্যাপক মনজুর উদ্দিন আহমেদ
নিরপেক্ষ সদস্য।

ইন্জিনিয়ার এম, এ, জাহের
মালিক পক্ষের সদস্য

নজরুল ইসলাম খান
শ্রমিক পক্ষের সদস্য।

মো: খুরশীদ আলম
শ্রমিক পক্ষের সদস্য।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।